*এই প্রকল্প তথ্যপত্রটি ১৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে প্রণীত ইংরেজী সংস্করণ থেকে অনূদিত*

ADB

# প্রকল্প তথ্যপত্র

প্রকল্প তথ্যপত্রে (পিডিএস) প্রকল্প বা কর্মসূচির তথ্যের সারসংক্ষেপ থাকে: পিডিএস একটি চলমান কার্যক্রম হওয়ায় এর প্রাথমিক সংস্করণে কিছু তথ্য অন্তর্ভুক্ত নাও থাকতে পারে। তবে সেগুলো পাওয়া মাত্রই যুক্ত করা হয়। প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত তথ্য সম্ভাব্য ও নির্দেশনামলক হয়ে থাকে।

| | |
|---|---|
| **পিডিএস তৈরির তারিখ** | – |
| **পিডিএস হালনাগাদ যে পর্যন্ত** | ০৯ সেপ্টেম্বর ২০১৪ |
| **প্রকল্পের নাম** | তৃতীয় নগর শাসন এবং অবকাঠামো উন্নয়ন (খাত) প্রকল্প |
| **দেশ** | বাংলাদেশ |
| **প্রকল্প/কর্মসূচি নম্বর** | ৩৯২৯৫-০১৩ (39295-013) |
| **অবস্থা** | অনুমোদিত |
| **ভৌগোলিক অবস্থান** | – |

এই নথিপত্রে কোনো দেশের কর্মসূচি বা কর্মকৌশল তেরি করা, কোনো প্রকল্পে অর্থায়ন, অথবা নির্দিষ্ট একটি অঞ্চল বা ভৌগোলিক এলাকার উদাহরণ প্রদান বা সংজ্ঞায়নের সময়, ওই অঞ্চল বা এলাকার আইনী বা অন্য কোনো ধরনের মূল্যায়ন করা এশীয় উন্নয়ন ব্যাংকের উদ্দেশ্য নয়।

| | |
|---|---|
| **খাত এবং/অথবা উপখাত শ্রেণি বিভাজন** | – |
| **বিষয়ভিত্তিক শ্রেণি বিভাজন** | – |
| **জেন্ডার মূলধারাকরণ শ্রেণিবিভাজন** | – |

## অর্থায়ন

| সহায়তার ধরন/ ক্রিয়াপদ্ধতি | অনুমোদন নম্বর | অর্থায়নের উৎস | অনুমোদনকৃত অর্থের পরিমাণ (হাজারে) |
|---|---|---|---|
| ঋণ | ৩১৪২ | এশীয় উন্নয়ন তহবিল | ১২৫,০০০ |
| – | – | সহযোগীর অর্থায়ন | ৭১,০০০ |
| **মোট** | | | **মার্কিন ডলার ১৯৬,০০০** |

## সুরক্ষা ব্যবস্থার শ্রেণিবিভাগ

সুরক্ষা ব্যবস্থার শ্রেণিবিভাগ সম্পর্কে আরো তথ্যের জন্য দেখুন http://www.adb.org/site/safeguards/safeguard-categories

| | |
|---|---|
| **পরিবেশগত** | **খ** |
| **অনৈচ্ছিক পুনর্বাসন** | **খ** |
| **আদিবাসী জনগোষ্ঠী** | **গ** |

## পরিবেশগত ও সামাজিক ইস্যুসমূহের সারসংক্ষেপ

**পরিবেশগত দিকসমূহ**

পরিবেশগত বিবেচনায় প্রকল্পটি শ্রেণি-খ'তে অন্তর্ভুক্ত। এডিবি'র সুরক্ষাব্যবস্থা নীতিমালা (SPS, ২০০৯) এবং সরকারী আইন অনুসারে পানি সরবরাহ, শক্ত বর্জ্য ব্যবস্থাপনা, বাজার, রাস্তাঘাট ও নিষ্কাশন নালা'সহ সংশ্লিষ্ট অবকাঠামো নির্মাণে বিনিয়োগের লক্ষ্যে পাঁচটি বিষয়ে খসড়া প্রাথমিক পরিবেশগত পরীক্ষা ( IEE) প্রস্তুত করা হয়েছে। উপ-প্রকল্পগুলোর অবস্থান সংবেদনশীল ও সংরক্ষিত এলাকার বাইরে এবং সংশ্লিষ্ট চুক্তি নথিপত্রে অন্তর্ভুক্ত পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে এর নির্মাণ সংক্রান্ত যেকোনো প্রভাব প্রশমিত করা হবে। ভবিষ্যৎ উপ-প্রকল্পগুলোতে পরিবেশগত উল্লেখযোগ্য কোন প্রভাব অনুমিত হয়নি। ভবিষ্যৎ উপপ্রকল্প গ্রহণে পরিবেশগত জরিপ ও পর্যালোচনা পরিকাঠামোতে উল্লিখিত পরিবেশগত উপ-প্রকল্প নির্বাচনের মানদণ্ড অনুসরণ করা হবে এবং অর্ধবার্ষিক সুরক্ষাব্যবস্থা পরিবীক্ষণ প্রতিবেদনের অংশ হিসাবে এগুলোর পরিবীক্ষণ করা হবে। পূর্বতন UGIIP প্রকল্পের সময় থেকে পরিবেশগত সুরক্ষা বাস্তবায়নে নির্বাহী সংস্থাসমূহের পর্যাপ্ত সক্ষমতা রয়েছে এবং পরিবেশগত কর্মকাণ্ড পরিচালনায় তাদেরকে পরামর্শক দ্বারা সহায়তা প্রদান করা হবে।

**অনৈচ্ছিক পুনর্বাসন**

অনৈচ্ছিক পুনর্বাসনের বিবেচনায় প্রকল্পটি খ-শ্রেণিতে অন্তর্ভুক্ত। নমুনা হিসাবে গৃহীত তিনটি শহরে স্থায়ী

ভিত্তিতে কোন ভূমি অধিগ্রহণ বা ঘরবাড়ি স্থানান্তরের প্রযোজন চিহ্নিত হয়নি। প্রথম পর্যায়ে নমুনা হিসাবে গৃহীত শহরগুলোতে অনৈচ্ছিক পুনর্বাসন সংক্রান্ত প্রভাব চিহ্নিত করা গেছে প্রধানত রাস্তাঘাট ও নিষ্কাশন নালা নির্মাণ বিষয়ক উপ-প্রকল্পগুলোতে। মূল প্রভাব পড়বে ৭৩টি আধাপাকা এবং স্থায়ী অবকাঠামোর ওপরে যেগুলোর অধিকাংশই দোকান ও ব্যবসা প্রতিষ্ঠান। এই উপ-প্রকল্পের কারণে যে ৭১ জন দোকান মালিকের জীবিকা ক্ষতিগ্রস্ত হবে তাদের মধ্যে একজনকে তার বর্তমান স্থান থেকে স্থায়ীভাবে সরে যেতে হবে এবং বাকী ৭০ জনকে শুধু অস্থায়ীভাবে স্থানান্তরের প্রয়োজন পড়বে। এসকল প্রভাব মোকাবেলার লক্ষ্যে ক্ষতিগ্রস্ত মানুষদেরকে সাথে নিয়ে তিনটি খসড়া পুনর্বাসন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। উপ-প্রকল্পগুলোর জন্য বিস্তারিত প্রকৌশলী নকশা প্রণয়ণের সময়ে এগুলোর খসড়া পুনর্বাসন পরিকল্পনা হালনাগাদ ও চূড়ান্ত করা হবে। অন্যান্য উপ-প্রকল্পগুলোকে নির্দেশনা প্রদানের জন্য কিম্বা প্রকল্প বাস্তবায়নকালে অচিহ্নিত কোন অনৈচ্ছিক পুনর্বাসন প্রভাব পরিলক্ষিত হলে সেগুলো নিষ্পত্তির লক্ষ্যে পুনর্বাসন পরিকাঠামো প্রস্তুত করা হয়েছে।

**আদিবাসী জনগোষ্ঠী**

নমুনা হিসাবে গৃহীত তিনটি শহরে আদিবাসী জনগোষ্ঠীর ওপর সৃষ্ট প্রভাবের বিচারে এই প্রকল্পটি গ-শ্রেণিতে অন্তর্ভুক্ত। এই প্রকল্পের কর্মকাণ্ডের দরুণ কোন সংখ্যালঘু নৃ-গোষ্ঠীকে (আদিবাসী) অন্য কোন শহরে সরিয়ে নিতে হলে কিম্বা তাদের জীবিকা ও মর্যাদা ক্ষতিগ্রস্ত হলে সেসব বিষয়ে নির্দেশনা প্রদান বা উক্ত সমস্যা সমাধানে যথাযথ পদক্ষেপ সুপারিশ করতে আদিবাসী জনগোষ্ঠী পরিকল্পনা পরিকাঠামো (IPPF) প্রণীত হয়েছে। প্রভাব ব্যাপক হলে উক্ত IPPF অনুসরণে একটি স্বতন্ত্র আদিবাসী জনগোষ্ঠী পরিকল্পনা নথি প্রণয়ন করা হবে। কিম্বা ক্ষতিগ্রস্ত জনসমাজ/জনসাধারণের জন্য সুনির্দিষ্ট পদক্ষেপ হিসাবে সেগুলোকে পুনর্বাসন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে।

## অংশীদারগণের যোগাযোগ, অংশগ্রহণ ও আলোচনা

**প্রকল্প নকশাকালীন**

পৌর উন্নয়ন বিষয়ক সিদ্ধান্ত গ্রহণ ফোরামসমূহ যথা শহর পর্যায়ের সমন্বয় কমিটি (TLCC), ওয়ার্ড পর্যায়ের সমন্বয় কমিটি (WLCC), দারিদ্র্য বিমোচন ও বস্তি উন্নয়ন স্ট্যান্ডিং কমিটি (PR&SI), এবং নারী ও শিশু (W&C) বিষয়ক স্ট্যান্ডিং কমিটি'তে দরিদ্র ও নারীদের সরব অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে এই প্রকল্পে তাদের জন্য নতুন একটি সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে। একটি প্রকল্প তহবিল সুবিধার আওতায় বস্তি উন্নয়ন কর্মকাণ্ড, ফুটপাথ, সড়কের আলোক ব্যবস্থা, শৌচাগার, নলকূপ এবং ডাস্টবিন স্থাপনে সহায়তা দেয়া হবে যার সরাসরি সুফল পাবে প্রকল্প এলাকার দরিদ্র জনগোষ্ঠী ও নারীরা। নারীবান্ধব অবকাঠামো নির্মাণের মাধ্যমে নারীদের সহজ চলাচল উৎসাহিত হবে। এ প্রকল্পের আওতায় নির্মাণ কাজ'সহ অবকাঠামো সংক্রান্ত কর্মকাণ্ডে দরিদ্র ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য স্বল্পমেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। উন্নত পৌর সেবা যথা স্বাস্থ্য সেবা, টিকা কার্যক্রম এবং পানি সরবরাহের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠী ও নারীরা প্রকল্পের সুফল পাবে।

**প্রকল্প বাস্তবায়নকালীন**

এ প্রকল্পের বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হলো পৌরসভাসমূহ এবং পৌরসভা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে পরামর্শ ফোরাম হলো শহর পর্যায়ের সমন্বয় কমিটি (TLCC)। TLCC, ওয়ার্ড পর্যায়ের সমন্বয় কমিটি (WLCC), এবং অন্যান্য কমিটিগুলোতে অন্তর্ভুক্ত করার মাধ্যমে এ প্রকল্প বাস্তবায়নে সুশীল সমাজের

পর্যাপ্ত অংশগ্রহণ নিশ্চিত করা হবে। সচেতনতা তৈরীর অংশ হিসাবে দলগত আলোচনা (FGD) ও উঠান বৈঠক আয়োজন করা হবে।

## বর্ণনা

–

## প্রকল্পের যৌক্তিকতা ও দেশ/আঞ্চলিক কৌশলের সঙ্গে এর সম্পর্ক

নগরায়ন: দ্রুত নগরায়নের ফলে অবকাঠামো ও পরিসেবাগত ঘাটতি বাড়ছে। ২০১০ সালের হিসাব অনুযায়ী নগরাঞ্চলে দারিদ্র্যের হার ২১.৩ শতাংশে কমে আসা সত্ত্বেও বহু শহুরে দরিদ্র জনগোষ্ঠীর গৃহসংস্থান অতি নিম্নমানের বিশেষত দুর্যোগ প্রবণ এলাকাগুলোতে তারা দুর্বল অবকাঠামোতে বাস করছে।

নগর শাসন: পৌরসনভাগুলোর সাধারণ বৈশিষ্ট্য হলো তাদের নিকট পর্যাপ্ত শাসন ক্ষমতা নেই এবং এখানে প্রকল্প ও কর্মসূচি পরিকল্পনা, বাস্তবায়ন ও ব্যবস্থাপনায় জনসাধারণের অংশগ্রহণের অভাব রয়েছে। এখানকার দায়বদ্ধতা ও স্বচ্ছতা, জেন্ডার সমতা উৎসাহিতকরণ, দারিদ্র্য বিমোচন এবং আর্থিক ব্যবস্থাপনা ও দীর্ঘস্থায়িত্ব বিষয়ে শাসন ব্যবস্থা উন্নীতকরণে প্রণোদনার ব্যবস্থা খুব সীমিত ছিলো। তবে, এডিবি'র অর্থায়নে নগর শাসন ও অবকাঠামো উন্নয়ন (খাত) প্রকল্পের (UGIIP) আওতায় নগর শাসন উন্নয়ন কর্মসূচির (UGIAP) মাধ্যমে কর্মক্ষমতা-ভিত্তিক তহবিল বরাদ্দ কর্মকৌশল চালু করার ফলে UGIIP-কর্তৃক সহায়তাপ্রাপ্ত পৌরসভাগুলো ব্যাপকভাবে তাদের শাসন উন্নত করতে পেরেছে।

নগর অবকাঠামো: পৌরসভাগুলোকে তাদের নাগরিকদেরকে কিছু মৌলিক সেবা যথা খাবার পানি সরবরাহ ও পয়োঃনিষ্কাশন, রাস্তাঘাট, শক্ত বর্জ্য ব্যবস্থাপনা, নিষ্কাশন নালা ব্যবস্থা এবং অন্যান্য পৌর সেবাসমূহ যথা কাঁচা বাজার, সড়ক আলোক ব্যবস্থা এবং বাস টার্মিনাল নির্মাণ ইত্যাদি সেবা প্রদানে প্রতিনিয়ত সংগ্রাম করতে হয়। UGIIP-সহ পূর্বতন প্রকল্পগুলোর মাধ্যমে কিছু উন্নতি হলেও এখনো অধিকাংশ পৌরসভারই তাদের প্রদত্ত সেবা সুবিধার উন্নতিকল্পে ব্যাপক বিনিয়োগ সহায়তার প্রয়োজন রয়েছে।

আদর্শ শহর উন্নয়ন: এ লক্ষ্যে সরকার যেসমস্ত অগ্রাধিকার গ্রহণ করেছে সেগুলো হলো– (ক) নগর শাসন উন্নয়ন, (খ) ভারসাম্যপূর্ণ নগর কেন্দ্র উন্নয়ন উৎসাহিতকরণ, এবং (গ) সরকারের ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১১–২০১৫)–এর আওতায় নগর উন্নয়নে সম্পদ আহরণ উৎসাহিত করা। নীতিগত এই নির্দেশনার সাথে সামঞ্জস্য রেখে এই প্রকল্পের আওতায় ৩০টি পৌরসভা নির্বাচন করা হয়েছে। জেলা সদর শহরে (DHT) অগ্রাধিকার প্রদানের পাশাপাশি এই নির্বাচনের ভিত্তি ছিলো– (ক) জনসংখ্যা, (খ) ২০০১ থেকে ২০১১ সলের মধ্যে জনসংখ্যার বৃদ্ধি, (গ) পৌরসভাগুলোর নিজস্ব খাতে রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা, এবং (ঘ) জনসংখ্যার ঘনত্ব। এই প্রকল্পটি এডিবি'র আর্বান অপারেশন প্ল্যান এবং বাংলাদেশ কান্ট্রি পার্টনারশিপ স্ট্র্যাটেজি (CPS)-এর সাথে সম্পূর্ণভাবে সামঞ্জস্যপূর্ণ। এ প্রকল্পের আওতায় আর্বান অপারেশন প্ল্যান–এর তিনটি স্তম্ভ যথা অন্তর্ভুক্তিমূলক পন্থা, পরিবেশগত দীর্ঘস্থায়িত্ব ও

প্রতিযোগিতামূলক মনোভাব অনুসরণ করা হবে। কান্ট্রি পার্টনারশিপ স্ট্র্যাটেজি (CPS)-এর ছয়টি অগ্রাধিকার খাতের অন্যতম হলো নগর খাত এবং এ প্রকল্পের আওতায় সুশাসন, সক্ষমতা বৃদ্ধি এবং জেন্ডার সমতা আনয়ন'সহ CPS-এর প্রধান বিষয়গত চালিকাশক্তিগুলোও অনুসৃত হবে।

## উন্নয়ন প্রভাব

প্রকল্প শহরগুলোতে বসবাসের পরিবেশ উন্নীত।

## প্রকল্পের প্রভাব

| প্রভাবের বিবরণ | উন্নয়ন প্রভাবের পথে অগ্রগতি |
|---|---|
| প্রকল্প শহরগুলোতে পৌর সেবা প্রদান ও নাগরিক শাসন উন্নীত। | – |

## ফলাফল এবং বাস্তবায়নের অগ্রগতি

| প্রকল্পের ফলাফলের বিবরণ | বাস্তবায়নের অগ্রগতি (ফলাফল, কর্মকাণ্ড এবং বিষয়সমূহ) |
|---|---|
| ১। পৌর অবকাঠামো আরো উন্নত যা জেন্ডার সমতাপূর্ণ এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সক্ষম।<br>২। নাগরিক পরিসেবা প্রদান, পরিকল্পনা এবং আর্থিক ব্যবস্থাপনায় পৌরসভার সক্ষমতা বৃদ্ধিপ্রাপ্ত।<br>৩। প্রকল্প ব্যবস্থাপনা ও প্রশাসন ব্যবস্থা যথাযথ পর্যায়ে উন্নীত। | - |
| **উন্নয়ন প্রকল্পসমূহের অবস্থা** | **বাস্তবিক পরিবর্তন** |
| - | - |

## ব্যবসায়িক সুযোগসমূহ

**প্রথম তালিকাভুক্তির তারিখ** ১৯ মার্চ ২০১৩

**পরামর্শক সেবাসমূহ**

এডিবি'র পরামর্শক ব্যবহার বিষয়ক নির্দেশনা (২০১৩, সময়ানুযায়ী সংশোধিত) অনুসারে পরামর্শক সেবা নিযুক্ত করা হবে।

**ক্রয়**

সকল মালামাল ও নির্মাণকাজ এডিবি'র ক্রয় নীতিমালা (২০১৩, সময়ানুযায়ী সংশোধিত) অনুসারে ক্রয় করা হবে। সরকারী ক্রয় নীতিমালা, ২০০৬ এবং সরকারী ক্রয় বিধি-বিধান, ২০০৮ এবং এসব বিষয়ে ক্রয় পরিকল্পনায় উল্লিখিত সরকার ও এডিবি'র মধ্যে সম্মত যেকোন পরিবর্তন এবং/বা ব্যাখ্যা অনুসরণপূর্বক জাতীয় পর্যায়ে প্রতিযোগিতামূলক দরপত্র আহ্বান করা হবে। যেহেতু এডিবি এশীয় উন্নয়ন তহবিলের আওতায় অর্থায়নকৃত কর্মকাণ্ডে যৌথ-বিনিয়োগী সম্পদ পরিচালনা করে থাকে তাই আন্তর্জাতিক ক্রয় বিধিমালা প্রযোজ্য হবে।

**ক্রয় ও পরামর্শক বিজ্ঞপ্তিসমূহ**

http://www.adb.org/projects/39295-013/business-opportunities

## সময়সূচি

| | |
|---|---|
| **ধারণাপত্রের ছাড়** | ১৫ মার্চ ২০১৩ |
| **তথ্য-আহরণ** | ০১ এপ্রিল ২০১৪ থেকে ১০ এপ্রিল ২০১৪ |
| **ব্যবস্থাপনা পর্যালোচনা সভা** | ১২ মে ২০১৪ |
| **অনুমোদন** | ১৭ জুলাই ২০১৪ |
| **সর্বশেষ পর্যালোচনা উদ্যোগ** | - |

## মাইলফলক

| অনুমোদন নম্বর | অনুমোদন | সাক্ষর | কার্যকারিতা | সমাপ্তি | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | মৌলিক | সংশোধিত | প্রকৃত |
| - | - | - | - | - | - | - |

## ব্যবহার

| তারিখ | অনুমোদন নম্বর | এডিবি (মার্কিন ডলার হাজারে) | অন্যান্য (মার্কিন ডলার হাজারে) | নিট শতকরা হার |
|---|---|---|---|---|
| **সর্বমোট চুক্তি স্বাক্ষর** | | | | |

| – | – | – | – | – |
|---|---|---|---|---|
| **সর্বমোট অর্থ ছাড়** | | | | |
| – | – | – | – | – |

## চুক্তির শর্তসমূহের অবস্থা

চুক্তির শর্তগুলোকে নিচের শ্রেণিবিভাগ অনুসারে সাজানো হয়েছে- নিরীক্ষিত হিসাবসমূহ, সুরক্ষা ব্যবস্থাসমূহ, সামাজিক, খাত, আর্থিক, অর্থনৈতিক ও অন্যান্য। চুক্তির শর্তপালনের মাত্রা নিম্নলিখিত শ্রেণিগুলোতে মূল্যায়ন করা হয়েছে: ক) সন্তোষজনক- এই শ্রেণিতে অন্তর্ভুক্ত সকল চুক্তিএর সব শর্তপালন করেছে; যেখানে সর্বোচ্চ একটি ব্যতিক্রম গ্রহণযোগ্য হবে,খ) আংশিক সন্তোষজনক- সর্বোচ্চ দুইটি শর্তপালনে ব্যর্থ হয়েছে এমন সব চুক্তি এই শ্রেণিতে পড়বে,গ) সন্তোষজনক নয়- যেসকল চুক্তি তিন বা তারও অধিক শর্তপালনে ব্যর্থ হবে সেগুলো এই শ্রেণিতে পড়বে। ২০১১ সালের গণযোগাযোগ নীতিমালা অনুযায়ী প্রকল্পের আর্থিক বিবরণীর জন্য চুক্তির শর্তপালনের নির্দেশনাসমূহ শুধু সেসব প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে যেগুলোর সমঝোতা-আলোচনার আমন্ত্রণপ্রস্তাব ২০১২ সালের ২ এপ্রিলের পরে দেয়া হয়েছে।

| অনুমোদন নম্বর | শ্রেণি বিভাজন | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | খাত | সামাজিক | আর্থিক | অর্থনৈতিক | অন্যান্য | সুরক্ষাব্যবস্থা | প্রকল্পের আর্থিক বিবরণী |
| ঋণ ৩১৪২ | – | – | – | – | – | – | – |

## যোগাযোগ ও হালনাগাদের বিবরণী

| | |
|---|---|
| **এডিবির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা** | নোরিও সাইতো (nsaito@adb.org) |
| **এডিবির দায়িত্বপ্রাপ্ত বিভাগ** | দক্ষিণ এশিয়া বিভাগ |
| **এডিবির দায়িত্বপ্রাপ্ত ডিভিশন** | আর্বান ডেভেলপমেন্ট অ্যান্ড ওয়াটার ডিভিশন, সার্ড (SARD) |
| **বাস্তবায়নকারী সংস্থা** | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ<br>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ |

## লিঙ্কসমূহ

| | |
|---|---|
| **প্রকল্প ওয়েবসাইট** | http://www.adb.org/projects/39295-013/main |
| **প্রকল্প উপাত্তসমূহের তালিকা** | http://www.adb.org/projects/39295-013/documents |